



মোবাইল জার্নালিজম ডাকসু নির্বাচনের পরিবেশ নষ্ট করছে: উমামা ফাতেমা



সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনে ডিজিটাল মোবাইল জার্নালিজম পুরো নির্বাচনী পরিবেশ নষ্ট করছে বলে অভিযোগ করেছেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক ও ভিপি পদপ্রার্থী উমামা ফাতেমা। তিনি তার ফেসবুক পোস্টে সাংবাদিকদের অযাচিতভাবে ভিডিও ধারণের সমালোচনা করে ভোটের ও প্রার্থীদের ব্যক্তিগত গোপনীয়তা (প্রাইভেসি) রক্ষার আহ্বান জানান।

উমামা ফাতেমা তার পোস্টে উল্লেখ করেন, মোবাইল সাংবাদিকতার কারণে প্রার্থীদের সঙ্গে ভোটেরদের স্বাভাবিক মিথস্ক্রিয়া কঠিন হয়ে পড়েছে। তিনি বলেন, "প্রার্থীদের পেছনে প্রতিটা পদক্ষেপ ভিডিও করতে থাকা কতটা সমীচীন দেখায় সেটা আমার প্রশ্ন!"

তিনি আরও অভিযোগ করেন যে, বারবার নিষেধ করার পরও কিছু সাংবাদিকের এমন 'নীতি বহির্ভূত' কার্যক্রম থামানো যাচ্ছে না। ব্যক্তির সম্মতি ছাড়া ভিডিও ধারণ করা এবং সেগুলোকে ভিন্ন উদ্দেশ্যে ব্যবহার করার প্রবণতা বন্ধ হওয়া জরুরি।

ভিপি পদপ্রার্থী উমামা ফাতেমা সাংবাদিকদের প্রতি অনুরোধ জানিয়ে বলেন, "আপনারা প্রার্থী ও ভোটেরের প্রাইভেসি মেনে চলুন। তাদের সম্মতির বাইরে অযাচিতভাবে ভিডিও করে ভোটের পরিবেশটা নষ্ট করবেন না।" তার মতে, এই ধরনের কর্মকাণ্ড একটি সুষ্ঠু ও স্বাভাবিক নির্বাচন প্রক্রিয়ার জন্য বাধা সৃষ্টি করছে।